

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস
ফর ইকোনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
www.asset-dte.gov.bd



স্মারক নং-৫৭.০৩.০০০০.০৫১.২৫.০৩১.২২(অংশ-৪)-৬৬৬৮

তারিখ: ২৫/০৯/২০২৬ খ্রি.

বিষয়: ASSET প্রকল্পের আওতায় নির্বাচিত নেকটার, টিএসসি, টিটিসি, বিটাক, আরপিটিআই, আরটিসি ও বেসরকারি প্রতিষ্ঠানে পরিচালিত সংক্ষিপ্ত প্রশিক্ষণ কার্যক্রমের চূড়ান্ত অর্থ ছাড় (Final Payment)।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন অ্যাকসেলারেটিং অ্যান্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকোনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্পের আওতায় নির্বাচিত নেকটার, টিএসসি, টিটিসি, বিটাক, আরপিটিআই, আরটিসি ও বেসরকারি প্রতিষ্ঠানে পরিচালিত সংক্ষিপ্ত প্রশিক্ষণ কার্যক্রমের চূড়ান্ত অর্থ ছাড়ের (Final Payment) বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের হালনাগাদ প্রশিক্ষণ পরিসংখ্যান, আর্থিক বিবরণী ও অর্থের চাহিদা প্রাপ্তি আবশ্যিক।

২। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে সংযুক্ত নির্ধারিত এক্সেল ফরম্যাট যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় তথ্য প্রেরণ করতে হবে। একই সঙ্গে AProMIS.app-এ প্রতিষ্ঠানের প্রতিটি ব্যাচের তথ্য এন্ট্রি ও হালনাগাদ নিশ্চিত করতে হবে এবং এক্সেল ফরম্যাটের নির্ধারিত কলামে সংশ্লিষ্ট ব্যাচের তথ্য প্রদর্শনকারী URL লিংক (QR কোডেড) প্রদান করতে হবে।

৩। দাখিলকৃত এক্সেল ফাইলের তথ্যের সঙ্গে AProMIS.app-এ সংরক্ষিত তথ্যের সামঞ্জস্য যাচাই ও প্রয়োজনীয় যাচাই-বাছাই শেষে প্রকল্পের নীতিমালা ও বিধিবিধান অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রাপ্যতা নির্ধারণপূর্বক চূড়ান্ত অর্থ ছাড়ের কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানে পরিচালিত প্রতিটি ব্যাচের তথ্য AProMIS.app-এ এন্ট্রি ও হালনাগাদ নিশ্চিত করে সংযুক্ত এক্সেল ফরম্যাটে ব্যাচভিত্তিক প্রশিক্ষণ পরিসংখ্যান, আর্থিক বিবরণী ও অর্থের চাহিদা যথাযথভাবে পূরণপূর্বক আগামী ১৫ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রকল্পের ই-মেইল ঠিকানা assetshortcourse@gmail.com-এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ব্যাচভিত্তিক প্রশিক্ষণ পরিসংখ্যান, আর্থিক বিবরণী ও অর্থের চাহিদা প্রদানের নির্ধারিত এক্সেল ফরম্যাট।

(স্বাক্ষর)

(প্রকৌঃ রবীন্দ্রনাথ মাহাত)

উপ-প্রকল্প পরিচালক-১

ASSET প্রকল্প

dpd1@asset-dte.gov.bd

প্রাপক:

অধ্যক্ষ/প্রশিক্ষণ কর্মকর্তা/প্রতিষ্ঠান প্রধান/কেন্দ্র প্রধান

সকল সংক্ষিপ্ত প্রশিক্ষণ পরিচালনাকারী প্রতিষ্ঠান, ASSET প্রকল্প।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ২। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। অ্যাকাউন্টস অফিসার, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। সংরক্ষণ নথি।